

🖪 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯ : ২৪

া আরবি মূল আয়াত:

فَنَادُىهَا مِن تَحتِهَا ٱلَّا تَحزَنِي قَد جَعَلَ رَبُّكِ تَحتَكِ سَرِيًّا ﴿٢٢﴾

🗚 অনুবাদসমূহ:

তখন তার নিচ থেকে সে তাকে ডেকে বলল যে, 'তুমি চিন্তা করো না। তোমার রব তোমার নিচে একটি ঝর্ণা সৃষ্টি করেছেন'। — আল-বায়ান

নিম্নদিক থেকে তাকে ডাক দেয়া হল, 'তুমি দুঃখ করো না, তোমার প্রতিপালক তোমার পাদদেশ দিয়ে এক নির্মারিণী প্রবাহিত করে দিয়েছেন। — তাইসিক্রল

মালাক/ফেরেশতা তার নিম্ন পার্শ্ব হতে আহবান করে তাকে বললঃ তুমি দুঃখ করনা, তোমার পাদদেশে তোমার রাব্ব এক নহর সৃষ্টি করেছেন। — মুজিবুর রহমান

But he called her from below her, "Do not grieve; your Lord has provided beneath you a stream. — Sahih International

২৪. তখন ফেরেশতা তাঁর নিচ থেকে ডেকে তাকে বলল, তুমি পেরেশান হয়ো না(১), তোমার পাদদেশে তোমার রব এক নহর সৃষ্টি করেছেন;(২)

- (১) এখানে কে মারইয়াম আলাইহাস সালামকে ডেকেছিল তা নিয়ে দু'টি মত রয়েছে। এক. তাকে ফেরেশতা জিবরীলই ডেকেছিলেন। তখন "তার নীচ থেকে" এর অর্থ হবে, গাছের নীচ থেকে। [ইবন কাসীর; ফাতহুল কাদীর] দুই. কোন কোন মুফাসসির বলেছেনঃ তাকে তার সন্তানই ডেকেছিলেন। তখন এটিই হবে ঈসা আলাইহিস সালামের প্রথম কথা বলা। ইবন কাসীর; ফাতহুল কাদীর] কোন কোন কেরাআতে (مِنْ تَصْتِهَا) (যে তার নীচে আছে) পড়া হয়েছে। যা শেষোক্ত অর্থের সমর্থন করে। তবে অধিকাংশ মুফাসসির প্রথম অর্থটিকেই গুরুত্বসহকারে বর্ণনা করেছেন।
- (২) এর আভিধানিক অর্থ ছোট নহর। [ইবন কাসীর] এ ক্ষেত্রে আল্লাহ তা'আলা তাঁর কুদরাত দ্বারা প্রত্যক্ষভাবে একটি ছোট নহর জারী করে দেন [ফাতহুল কাদীর] অথবা সেখানে একটি মৃত নহর ছিল। আল্লাহ সেটাকে পানি দ্বারা পূর্ণ করে দেন। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২৪) (জিবরীল) তার নিম্নপাশ হতে আহবান করে তাকে বলল, 'তুমি দুঃখ করো না, তোমার নিম্নদেশে



তোমার প্রতিপালক এক নদী সৃষ্টি করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2274

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন